চট্টগ্রাম সিটি কর্পোরেশন
জনসংযোগ শাখা
প্রেস বিজ্ঞপ্তি

চট্টগ্রাম-১৩ মার্চ ২০১৭ খ্রি.

সিটি মেয়র আ জ ম নাছির উদ্দীনের সাথে
চায়না'র রাষ্ট্রদূত এর সৌজন্য সাক্ষাত

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীনের সাথে তাঁর দপ্তরে বাংলাদেশে নিযুক্ত চায়না'র রাষ্ট্রদূত Mr. Ma Mingqiang ১৩ মার্চ ২০১৭খ্রি. সোমবার, দুপুরে সৌজন্য সাক্ষাত করেন। সিটি মেয়র আ জ ম নাছির উদ্দীন এর দপ্তরে চীনের মান্যবর রাষ্ট্রদূত উপস্থিত হলে মেয়র তাকে ফুলেল শুভেচ্ছায় স্বাগত জানান এবং চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মনোগ্রাম খচিত ক্রেস্ট উপহার প্রদান করেন। সৌজন্য বৈঠকে সিটি মেয়র আ জ ম নাছির উদ্দীন বাংলাদেশের সাথে চীনের বন্ধুত্বপূর্ণ সুসম্পর্কের উপর গুরুত্বারোপ করে বলেন, বাংলাদেশের উন্নয়নের অংশীদার চীন। মেয়র কর্ণফুলী নদীর তলদেশে ট্যানেল নির্মাণে চায়নার সহযোগিতার জন্য রাষ্ট্রদূতের মাধ্যমে চীন সরকারকে ধন্যবাদ জানান। সিটি মেয়র চায়না কুনমিং সিটি'র সাথে চট্টগ্রাম সিটির টু ইন সিটির সম্পর্কের বিষয়টি তুলে ধরে বলেন, ইতোপূর্বে কুনমিং সিটির মেয়র চট্টগ্রামে সফর করেছিলেন। তিনি তার দায়িত্ব গ্রহন থেকে এ সময় পর্যন্ত গৃহিত উন্নয়ন কর্মকান্ড তুলে ধরে বলেন, চট্টগ্রাম উপকূলীয় এলাকা হিসেবে প্রাকৃতিক দুর্যোগের আশংকা রয়েছে। মেয়র বলেন, নগরীতে জলাবদ্ধতার সমস্যা, বর্জ্য ব্যবস্থাপনা সংক্রান্ত সমস্যা, এল ই ডি সংযোজন, বিউটিফিকেশন, এল ই ডি বিলবোর্ড ব্যবস্থাপনা, পর্যটন শিল্প, গার্মেন্টস শিল্প, পাওয়ার প্ল্যান্ট সহ নানা খাতে বিনিয়োগের সুযোগ রয়েছে। তিনি বলেন, বন্দরনগরী চট্টগ্রামকে দৃষ্টি নন্দন, নিরাপদ, সবুজ ও পরিচ্ছন্ন নগরী গড়ার প্রচেষ্টা চলছে। মেয়র চট্টগ্রামের সার্বিক উন্নয়নে চীনের সহযোগিতা চান। চীনা রাষ্ট্রদূত Mr. Ma Mingqiang বলেন, চট্টগ্রামে এসে আমি অভিভূত। নান্দনিক ও প্রাকৃতিক সৌন্দর্যের চট্টগ্রামে POWER PLANT, দুর্যোগ ব্যবস্থাপনা, গার্মেন্টস সহ নানান ক্ষেত্রে চীন বিনিয়োগে আগ্রহী। তিনি বর্জ্য ব্যবস্থাপনা, এলইডি লাইটিং, পাওয়ার প্ল্যান্ট সহ বিবিধ খাতে বিনিয়োগে সিটি মেয়রের সহযোগিতা কামনা করেন। রাষ্ট্রদূত বলেন, বাংলাদেশ বিশেষ করে চট্টগ্রামের সাথে চায়নার বহুকাল থেকে সম্পর্ক সুনিবিড়। রাষ্ট্রদূত চট্টগ্রামের সার্বিক উন্নয়নে মেয়রের ভূমিকার ভূয়সী প্রশংসা করেন। সৌজন্য বৈঠকে সিটি কর্পোরেশনের ভারপ্রাপ্ত প্রধান নির্বাহী কর্মকর্তা মোহাম্মদ আবুল হোসেন, প্রধান শিক্ষা কর্মকর্তা মিসেস নাজিয়া শিরিন, মেয়রের একান্ত সচিব মোহাম্মদ মঞ্জুরুল ইসলাম, নির্বাহী ম্যাজিষ্ট্রেট যুথিকা সরকার, Third secretary Lv Yang, chief Country Representative Li JixiangDeputy Manager,W4 Project Gao Junbao, এলজিইডি চট্টগ্রাম বিভাগের এডিশনাল চীফ ইঞ্জিনিয়ার মীর ইলিয়াছ মোর্শেদ, ইঞ্জিনিয়ার রাজিব বড়ুয়া সহ সংশ্লিষ্টরা উপস্থিত ছিলেন।

চট্টগ্রাম-১৩ মার্চ ২০১৭ খ্রি.

জাইকার অর্থায়নে ব্রিজ ও রাস্তার চলমান উন্নয়ন কাজ এর বিষয়ে
ঠিকাদারদের সাথে বৈঠক করলেন সিটি মেয়র আ জ ম নাছির উদ্দীন

চট্টগ্রাম সিটি কর্পোরেশন এলাকায় জাপানের জাইকার অর্থায়নে ব্রিজ ও রাস্তার চলমান উন্নয়ন কাজ এর অগ্রগতি ও দ্রুত বাস্তাবায়নের লক্ষ্যে ১৩ মার্চ ২০১৭খ্রি. সোমবার, দুপুরে ঠিকাদারদের সাথে বৈঠক করনে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন। এসময় স্থানীয় সরকার প্রকৌশল বিভাগের অতিরিক্ত প্রধান প্রকৌশলী মীর ইলিয়াছ মোরশেদ,জাইকার উন্নয়ন কাজের প্রজেক্ট ডাইরেক্টর মো. শাহজাহান মোল্লা, চট্টগ্রাম সিটি

কর্পোরেশনের প্রধান প্রকৌশলী, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, নির্বাহী প্রকৌশলী, সংশ্লিষ্ট উন্নয়ন কাজের সাথে জড়িত প্রকৌশলী ও ঠিকাদারগণ উপস্থিত ছিলেন। মেয়র যাবতীয় উন্নয়নের কাজের আলোচনা ও পর্যালোচনা শেষে নির্ধারিত সময়ের মধ্যে ব্রিজ ও রাস্তা সমূহের উন্নয়ন কাজ সমাপ্ত করার জন্য সংশ্লিষ্টদের নির্দেশনা দেন। মেয়র জনগনের ভোগান্তির বিষয়টি সর্বোচ্চ গুরুত্ব দিয়ে নির্মাণকাজ সমাপ্ত করতে তাগাদা দেন। অন্যথায় সংশ্লিষ্টদের বিষয়ে কঠোর অবস্থান গ্রহণ করতে কর্পোরেশন বাধ্য হবে বলে সাফ জানিয়ে দেন।

চট্টগ্রাম-১৩ মার্চ ২০১৭ খ্রি.

সিটি মেয়র আ জ ম নাছির উদ্দীন এর সাথে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম বিশ্ববিদ্যালয় এর উপাচার্য ডিন ও পরিচালক এর সৌজন্য সাক্ষাত

চট্টগ্রাম সিটি কর্পোরেশন এর মেয়র আ জ ম নাছির উদ্দীন এর সাথে নগরভবনে মেয়র দপ্তরে ১৩ মার্চ ২০১৭খ্রি. সোমবার, দুপুরে সৌজন্য সাক্ষাত করেন বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম বিশ্ববিদ্যালয় এর উপাচার্য রিয়ার এ্যাডমিরাল এ এস এম আবদুল বাতেন, ডিন কমোডর মাহমুদুল হাসান ও পরিচালক কমোডর এম নাজমুল হাসান। এসময় চট্টগ্রাম ওয়াসার ব্যাবস্থাপনা পরিচালক এ কে এম ফজলুল্লাহ ও সচিব মো. শামসুদ্দোহা সহ সংশ্লিষ্টরা উপস্থিত ছিলেন । সাক্ষাত বৈঠকে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম বিশ্ববিদ্যালয় এর উপাচার্য রিয়ার এ্যাডমিরাল এ এস এম আবদুল বাতেন বিশ্ববিদ্যালয়টি পূর্ণাঙ্গ বাস্তবায়নে মেয়রের সহযোগিতা কামনা করে বলেন প্রায় ৩ বছর পূর্বে অত্র বিশ্ববিদ্যালয়ের কার্যক্রম শুরু হলেও আজোবধি অত্র বিশ্ববিদ্যালয়টি পূর্ণাঙ্গ রূপ পায়নি। তিনি বিশ্ববিদ্যালয়ের বিষয়ে নানামূখি জটিলতার দিকগুলো মেয়রকে অবহিত করেন। মেয়র আ জ ম নাছির উদ্দীন বলেন, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম বিশ্ববিদ্যালয় পূর্ণাঙ্গ বাস্তবায়নে তার পক্ষ থেকে সব ধরনের সহযোগিতার আশ্বাস দেন। তিনি উপাচার্যকে তার দায়িত্ব পালন করে যাওয়ার অনুরোধ জানান। তিনি আশা করেন সকল প্রকার জটিলতা ও প্রতিবন্ধকতার উত্তোরন ঘটিয়ে বর্তমান সরকারের মেয়াদের মধ্যেই অত্র বিশ্ববিদ্যালয় পূর্ণাঙ্গ রূপে প্রতিষ্ঠিত হবে। এ বিষয়ে সন্দেহের কোন অবকাশ নেই। তিনি আশা করেন বর্তমান ভিসির নেতৃত্বে অত্র বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার ক্ষেত্রে নতুন এক ইতিহাস সৃষ্টি হবে।

চট্টগ্রাম-১৩ মার্চ ২০১৭ খ্রি.

চট্টগ্রাম সিটি কর্পোরেশন এলাকায় ভ্রাম্যমান আদালত পরিচালিত

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে নির্বাহী ম্যাজিস্ট্রেট সনজীদা শরমিন এর নেতৃত্বে ১৩ মার্চ ২০১৭ খ্রি. সোমবার, সকালে চট্টগ্রাম মহানগর এলাকায় ভ্রাম্যমান আদালত এর মাধ্যমে উচ্ছেদ অভিযান পরিচালিত হয়। অভিযানকালে পাঁচলাইশ থানাধীন ৩নং ওয়ার্ডের হাজী পাড়া রোডে সিটি কর্পোরেশনের রাস্তার জায়গা থেকে অবৈধ স্থাপনা উচ্ছেদ করা হয়। একই অভিযানে ভোক্তা অধিকার সংরক্ষণ আইনে বিবিরহাটস্থ এম হোসেন হার্ডওয়ারকে ১০ (দশ) হাজার টাকা জরিমনা আদায় করা হয়।
অভিযানকালে সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগ সমূহের কর্মকর্তা/কর্মচারীগণ ও সিএমপি পুলিশ ম্যাজিস্ট্রেটকে সহায়তা করেন।

সংবাদদাতা
মো. আবদুর রহিম
জনসংযোগ কর্মকর্তা